# প্রকল্প সার সংক্ষেপ

**১। প্রকল্পের নাম ঃ মুহুরী সেচ প্রকল্পের (MIP) জন্য সেচ ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (IMIP)**

**২। (ক) মন্ত্রণালয় ঃ পানি সম্পদ মন্ত্রণালয়**

**(খ) সংস্থা ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)**

**৩। প্রকল্পের পটভূমি ঃ**

ফেনী জেলার মুহুরী উপত্যকায় তিন নদীর (ফেনী, মুহুরী ও সিলোনীয়া) মোহনায় ক্লোজার ও রেগুলেটর নির্মান পূর্বক ১৯৭৭-৭৮ হতে ১৯৮৫-৮৬ সালে “মুহুরী সেচ প্রকল্প” নামের প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। “মুহুরী সেচ প্রকল্প” টি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্প গুলির অন্যতম এবং ইহা একটি স্বার্থক ও ফলপ্রসু প্রকল্প। এই সেচ প্রকল্পটি বাস্তবায়নের ফলে ফেনী জেলায় কৃষির ব্যাপকতর উন্নয়ন ঘটেছে।

দীর্ঘ প্রায় ৩০/৩১ বছর সেচ কার্যক্রম প্রতিপালন করত: বিভিন্ন চড়াই-উতরাই পার হওয়ার পর বর্তমানে প্রকল্পটিতে আর আগের মত সেচ সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছিল না। প্রকল্পের সেচ খালগুলি প্রায় ভরাট, অবকাঠামোগুলি অচল ও নিষ্ক্রিয় হয়ে যায়। দীর্ঘ দিন ব্যবহার, সঠিক পরিচালনা ও রক্ষনাবেক্ষন এবং যথাযথ সংস্কারের অভাবে বর্তমানে প্রকল্পটির কাঙ্খিত লক্ষ্য অর্জন সম্ভব হচ্ছিল না। ফলে প্রকল্পের সেচ এলাকা ও উৎপাদন উল্লেখযোগ্য হারে কমতে থাকে। এই অবস্থা হতে পরিত্রানের লক্ষ্যে উন্নত ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে উন্নত জাতের ফসল প্রবর্তন করে অধিক মাত্রায় ফসল উৎপাদনের জন্য বাংলাদেশ সরকার এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর সহযোগীতায় Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) নামে একটি নতুন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করে। প্রকল্পটি বাস্তবায়নের কাজ জুলাই-২০১৪ আরম্ভ হয়েছে এবং জুন-২০২২ অর্থ বছরে সমাপ্ত হবে। মুহুরী সেচ প্রকল্পের পানি সম্পদের সুষ্ঠ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করত: অধিক ফসল উৎপাদনের লক্ষ্যে ফেনী জেলার পরশুরাম, ফুলগাজী, ছাগলনাইয়া, ফেনী সদর, সোনাগাজী ও চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার (আংশিক) সহ মোট ৬টি উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।

**৪। প্রকল্পের উদ্দেশ্য ঃ**

(১) মুহুরী সেচ প্রকল্পের পুনঃসংস্কার পূর্বক সেচ ব্যবস্থাপনার আধুনিকায়ন ও পুনর্বাসন করা।

(২) প্রকল্প এলাকার সুবিধাভোগীদের অংশগ্রহনের মাধ্যমে সর্বোত্তম সেচ সুবিধা নিশ্চিত করতঃ প্রকল্পের টেকসই ও দীর্ঘস্থায়ী উন্নয়ন করা।

(৩) ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বৈদ্যুতিক পাম্পের সাহায্যে প্রি-পেইড মিটারিং সিষ্টেমে (ডিজিটাল)পানির লস কমিয়ে ইকোনমিক সেচ ব্যবস্থা চালু করা।

(৪) সুষ্ঠ পরিচালন ও রক্ষনাবেক্ষনের মাধ্যমে শুষ্ক মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত করা ও বর্ষা মৌসুমে নিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন করা।

(৫) উন্নত ও আধুনিক প্রযুক্তির প্রয়োগ ও ব্যবহারের মাধ্যমে কৃষি এবং মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধি করতঃ দেশের খাদ্য ঘাটতি দূর করা।

(৬) প্রকল্প এলাকায় ফসল উৎপাদন বৃদ্ধি করতঃ এলাকার জনগনের আর্থসামাজিক ও জীবন যাত্রার মান উন্নয়ন করা।

(৭) কৃষি ও সেচ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সহায়ক ভূমিকা পালন করা।

**৫। প্রকল্প এলাকার আয়তন ঃ**

ক) মোট প্রকল্প এলাকা : ৬০,০৮০ হেক্টর।
খ) নীট চাষযোগ্য এলাকা : ২৮,৬৬৩ হেক্টর।
গ) নীট সেচযোগ্য এলাকা : ১৮,০০০ হেক্টর।

## ৬। প্রকল্প এলাকা ঃ

| নির্বাচনী এলাকা | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|
| ২৬৬ ফেনী -২ | চট্টগ্রাম | ফেনী | ফেনী সদর |
| ২৬৫ ফেনী -১ | চট্টগ্রাম | ফেনী | পরশুরাম |
| ২৬৫ ফেনী -১ | চট্টগ্রাম | ফেনী | ছাগলনাইয়া |
| ২৬৫ ফেনী -১ | চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী |
| ২৬৭ ফেনী -৩ | চট্টগ্রাম | ফেনী | সোনাগাজী |
| ২৭৮ চট্টগ্রাম -১ | চট্টগ্রাম | চট্টগ্রাম | মীরসরাই (আংশিক) |

## ৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ঃ

লক্ষ টাকায়

| ডিপিপি | অনুমোদনের তারিখ | জিওবি | প্রকল্প সাহায্য | মোট |
|---|---|---|---|---|
| মূল | ২৬ মে ২০১৪ | ৮৯৩৫.৭২ | ৩৬৮০০.০০ | ৪৫৭৩৫.৭২ |
| ১ম সংশোধিত | ১৩ জুন ২০১৬ | ৮৯৩৫.৭২ | ৩৭৭৭৪.৪৪ | ৪৬৭১০.১৬ |
| ২য় সংশোধিত | ১ ডিসেম্বর ২০১৯ | ১০৪১৪.০০ | ৪৭৬০০.০০ | ৫৮০১৪.০০ |
| ৩য় সংশোধিত | - | ১০১৪৮.০০ | ৪৬১২১.০০ | ৫৬২৬৯.০০ |

## ৮। প্রকল্পের বাস্তবায়নকাল ঃ

| ডিপিপি | আরম্ভ | সমাপ্তি |
|---|---|---|
| মূল | জুলাই ২০১৪ | জুন ২০১৯ |
| ১ম সংশোধিত | জুলাই ২০১৪ | জুন ২০২০ |
| ২য় সংশোধিত | জুলাই ২০১৪ | জুন ২০২২ |
| ৩য় সংশোধিত | জুলাই ২০১৪ | জুন ২০২৩ |


## ৯। প্রকল্পের প্রধান অঙ্গসমূহ ঃ

লক্ষ টাকায়

| ক্রমিক | প্রধান অঙ্গসমূহ (ডিপিপি অনুযায়ী) | পরিমান | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|
| ১। | জীপ ও মাইক্রোবাস ক্রয় | ৪ টি | ২৬০.০০ |
| ২। | মোটর সাইকেল ক্রয় | ৬ টি | ৭.৪৪ |
| ৩। | প্রকৌশল জরিপ যন্ত্রপাতি | ৪ টি | ৩৫.০০ |
| ৪। | উপকূলীয় বাঁধ পুনর্বাসন | ১৭.৭৫কিঃমিঃ | ২৮৪.০০ |
| ৫। | স্লুইচ/রেগুলেটর নির্মান/সংস্কার ও মেরামত | ১২ টি | ১৭৬৪.৯৯ |
| ৬। | খাল পুনঃখনন | ৪০৫ কিঃমিঃ | ৪১১২.৮৪ |
| ৭। | ফার্মার ক্যানেল সিস্টেম | ১৮০০০ হেক্টর | ২১৭০০.০০ |
| ৮। | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নতকরণ (১টি সাব স্টেশনসহ) | ২১০ কিঃমিঃ | ৫৬০০.০০ |
| ৯। | **অন্যান্য** | | ২৪২৪৯.৭৩ |
| | **মোট** | | ৫৮০১৪.০০ |

**১০। প্রকল্পের বর্তমান অবস্থা** ঃ প্রকল্পটির কাজ গত ২০১৪-১৫ অর্থ বছরে শুরু হয়েছে। বর্তমান ২০১৬-১৭, ২০১৭-১৮,২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে CW-1 ও CW-2 দুইটি প্যাকেজের আওতায় ৪০৫.০০ কিঃমিঃ খাল পূনঃখনন ও ১৭.৭৫ কিঃমিঃ পোল্ডার-৬০ পুনর্বাসন/পূনরাকৃতিকরণ, CW-8(B) প্যাকেজের আওতায় অফিস-কলোনী মেরামত কাজ সম্পন্ন হয়েছে এবং CW-8(A) প্যাকেজের আওতায় স্লুইজ নির্মান/পুনর্বাসন, পানি নিয়ন্ত্রন অবকাঠামো নির্মান কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া সেচ ব্যবস্থা আধুনিকায়নের জন্য মোট ৮৫০ স্কীমের বিপরীতে CW-3 প্যাকেজের আওতায় ৮১ টি পাম্প হাউজ ,৭৪.২০৮ কিঃমিঃ বারিড পাইপ লাইনের কাজ এবং কৃষকদের নিকট ৪৩২ টি স্মার্ট কার্ড বিতরন সম্পন্ন হয়েছে এবং CW-5 প্যাকেজের আওতায় ২২২ টি পাম্প হাউজ, ২২২ টি হেডার ট্যাংক ও ২০০.৪৩৪ কিঃমিঃ বারিড পাইপ লাইনের কাজ এবং CW-6 প্যাকেজের আওতায় ২০৭ টি পাম্প হাউজ, ২০৭ টি হেডার ট্যাংক ও ১৮১.৯৬৬ কিঃমিঃ বারিড পাইপ লাইনের কাজ এবং CW-7 প্যাকেজের আওতায় ৩২১ টি পাম্প হাউজ, ৩২০ টি হেডার ট্যাংক ও ২৫৯.২৪৮ কিঃমিঃ বারিড পাইপ লাইনের কাজ সম্পন্ন হয়েছে এবং প্যাকেজ সমূহের অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এছাড়া প্রিপেইড মিটার ব্যবহার করে সেচ পাম্প পরিচালনার জন্য CW-4 প্যাকেজের আওতায় ২১০ কিঃমিঃ বিদ্যুৎ বিতরন লাইনের বিপরীতে ১১৪.০০ কিঃমিঃ বিদ্যুৎ বিতরন লাইন স্থাপন ও ১৭৫ টি স্কীমে বিদ্যুৎ সংযোগ সম্পন্ন হয়েছে।

**১১। সার্বিক মন্তব্য** ঃ প্রকল্পের আওতায় ইতোমধ্যে CW-1 ও CW-2 দুইটি প্যাকেজের আওতায় ৪০৫.০০ কিঃমিঃ খাল পূনঃখনন ও ১৭.৭৫ কিঃমিঃ পোল্ডার-৬০ পুনর্বাসন/পূনরাকৃতিকরণ কাজ সম্পন্ন হয়েছে। CW-8(A) প্যাকেজের আওতায় স্লুইচ/রেগুলেটর নির্মান/সংস্কার ও মেরামত কাজ সম্পন্ন হয়েছে । সেচ ব্যবস্থা আধুনিকায়নের জন্য CW-3 ,CW-5, CW-6 ও CW-7 প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং চুক্তি অনুযায়ী মোট ৮৫০ টি সেচ স্কীম ,লো লিফ্‌ট পাম্প-৮৯০টি , প্রি-পেইড মিটার-৮৫০ টি ও ভূ-গর্ভস্থ পাইপ লাইন স্থাপন ৮৫০ কি.মি কাজ এবং স্মার্ট কার্ড ব্যবহার করে সেচ পাম্প পরিচালনার জন্য CW-4 প্যাকেজের কাজ চলমান রয়েছে যা চুক্তি অনুযায়ী ২১০ কিঃমিঃ বিদ্যুৎ বিতরন ব্যবস্থার উন্নয়ন/ করা হবে ও ১ টি সাব-ষ্টেশনের কাজ সম্পন্ন করা হবে। ইহাতে মুহুরী সেচ প্রকল্পটির সুষ্ঠ পরিচালন ও রক্ষনাবেক্ষন ক্ষমতা বৃদ্ধি পাবে এবং অকার্যকর অবকাঠামো সমূহের কার্যক্ষমতা পুনরায় ফিরে আসবে। এই প্রকল্পের মাধ্যমে মুহুরী সেচ প্রকল্প এলাকায় একটি আধুনিক ও কার্যকরী সেচ ব্যবস্থার সূচনা হবে। যাহার ফলে দেশের কৃষি ও খাদ্য উৎপাদন বৃদ্ধিসহ প্রকল্প এলাকার আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রগতি ত্বরান্বিত হবে। ইহা সরকারের ডিজিটাল বংলাদেশ বিনির্মানে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।



IRRIGATION MANAGEMENT IMPROVEMENT PROJECT (IMIP)
MUHURI IRRIGATION PROJECT (MIP)
Muhuri- Muhuri-Kahua
The Muhuri Irrigation Project (MIP), completed in 1986 overlaps with the Muhuri Kahua Irrigation Project (MKIP), which was developed in the 1990's. Both schemes are rely on the same water supply and hence have been considered as one project called The Muhuri Irrigation Project (MIP).
LEGEND
FIELD OFFICE
UPAZILA HEADQUARTER
LOW LIFT PUMP LOCATION (CW3)
EXISTING STRUCTURE
REHABILITED STRUCTURE
WRS NEW STRUCTURE
RAIN GAUGE STATION
BRIDGE/CULVERT
COASTAL EMBANKMENT
REHABILITATION EMABNKMENT
RIVER EMBANKMENT
REGULATOR
RAILWAY
MAIN ROAD
KHAL
UPAZILA BOUNDARY
UNION BOUNDARY
INTERNATIONAL BOUNDARY
PROJECT BOUNDARY
RIVER
PROJECTION PARAMETER
Coordinate System: WGS 1984 UTM Zone 46N
Projection: Transverse Mercator
Datum: WGS 1984
False Easting: 500,000.0000
False Northing: 0.0000
Central Meridian: 93.0000
Scale Factor: 0.9996
Latitude Of Origin: 0.0000
Units: Meter
NARSINGDI
HABIGANJ
BRAHMANBARIA
COMILLA
CHANDPUR
KHAGRACHHARI
FENI
LAKSHMIPUR
NOAKHALI
RANGAMATI
CHITTAGONG
BHOLA
PROJECT AREA
0 1 2 4 6 8
Kilometers
CONSULTANT
IRRIGATION MANAGEMENT OPERATOR (C-IMO)
FCZ-ANZDEC LIMITED IN ASSOCIATION WITH
BETS CONSULTING SERVICES LTD &
BANGLADESH ENGINEERS LTD
SOURCE:
IMIP PROJECT STUDIES
PREPARED BY
MIS AND DATABASE MANAGER (C-IMO)
(INDIA)
(INDIA)
(INDIA)
(NOAKHALI)
Selonia River
Muhuri River
Kahua River
PARSHURAM
FULGAZI
FULGAZI FIELD OFFICE
CHHAGALNAIYA
C-IMO HEADQUARTER
FENI SADAR
SONAGAZI
MIRSHARAI FIELD OFFICE
MIRSARAI
Litle Feni Regulator
Sluice No-1
Sluice No-2
Sluice No-3
Sluice No-4
Sluice No-10
Feni Regulator
Ichakhali Regulator
BAMON-SUNDAR REGULATOR
Little Feni River
BAY of BENGAL

# পানি সম্পদ মন্ত্রণালয়
# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড